**বিষয় : অক্টোবর/২০২৫ খ্রি মাসের উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভার কার্যবিবরণী ।**

সভাপতিঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখঃ২৩/১০/২০২৫ খ্রি. সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকায়।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতি মহোদয় সভার সদস্য সচিব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর বিভাগের কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাপতি মহোদয়কে ধন্যবাদ এবং সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপিত হলো।

**উপস্থিতির তালিকা সংযুক্ত করা হলো:**

মাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা সেবা | নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন সেপ্টেম্বর/২০২৫খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৭১৮১ জন যার মধ্যে ২৫৪২৮ জন খাবার বড়ি, ৫৯৬৬ জন কনডম, ৯০৫২ জন ইনজেকশন, ৩৪২১ জন ইমপ্লান্ট, ৭৩৭ জন আইইউডি, ৩৮৯ জন পুরুষ এবং ৮৪৫৫ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৫৩৪৪৮ জনএবংপদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৫৬ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ৪৪৭ চক্র খাবার বড়ি, ২৮৫৯৬ পিস কনডম (নিরাপদ) বিতরণ, ১০৭০ভায়াল, ১৩১ টি ইমপ্লান্ট (জেডেল) বিতরণ করা হয়েছে। | বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| মা ও শিশু স্বাস্থ্য | বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৬৮৬২ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ১১ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। সেপ্টেম্বর/২৫ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১৪৮২ জন। ০৪টি পরিদর্শণের মাধ্যমে মোট ৯৯১ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ৩৪৮ জন মা ও নবজাতককেকে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১৮৬২ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। | স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| কীশোর/ কীশোরী সেবা | কীশোর/কীশোরীর ৬২৮ জনকে বয়ঃসন্ধিকালীণ সেবা, ৫৯৭ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল, ৫৪৬ জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৬৬৫ জনকে পুষ্টিকর খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কৈশোর সহিংসতা ও প্রতিরোধ বিষয়ে ৪৮৮ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৫৩৮ জনকে এবং ৭৬৬ জনকে পরিস্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ১০২ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ৮টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে। | কিশোর/কীশোরী দের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| এফডব্লিউসি সংক্রান্ত | সকল এফডব্লিউসিতে আসবাবপত্র,সাব-মার্সিবল পাম্প স্থাপনের জরুরী ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হয়। | সকল চেয়ারম্যান মহোদয় ব্যবস্থা করবেন বলে সভায় জানান। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| বক্তারপুর, তিলকপুর,বলিহার ও কীর্তিপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের রাস্তা নির্মাণ | বক্তারপুর, তিলকপুর,বলিহার ও কীর্তিপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পবেশ পথ গর্ভবতীসহ সকল সেবা গ্রহীতা ও সেবা দাতার আগমন/প্রস্থানের জন্য খুবই ঝুঁকিপূর্ণ যা নির্মাণ খুবই জুরুরী। | | |
| বিবিধ | সেবাকেন্দ্রে ৩১ টি স্বাস্থ্যশিক্ষা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন উপকরণ, প্রয়োজনীয় ঔষধ, ডিডিএস (Drugs & Dietary Supplements) কীট সরবরাহ না থাকায় বিভাগীয় কর্মকান্ড ব্যহত হচ্ছে। এ বিষয়ে জনপ্রতিনিধি মহোদয়গণকে অবহিত করা হয়। | প্রয়োজনীয় ঔষধ, ডিডিএসকীট সরবরাহ স্বাভাবিক হলে বিভাগীয় কর্মকান্ড ত্বরান্বিত হবে বলে আশা করা হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |

২৩/১০/২৫

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও
প্রশাসক, উপজেলা পরিষদ এবং
সভাপতি, উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি
নওগাঁ সদর, নওগাঁ।

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

নং- ৫৯.১১.৬৪৬০.০০০০.০০১.১৬.০০০২.২৫- তারিখ:২৮ অক্টোবর, ২০২৫খ্রিষ্টাব্দ।

অনুলীপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-
১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
২. সহকারী পরিচালক (প. প/সিসি), পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৩. উপজেলা ..................................... কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৪. জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা, নওগাঁ সদর, নওগাঁ। (পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৫. অফিস নথি/২৫।

(মোঃ আব্দুর রহমান প্রামানিক)
পরিচিতিনং-০৮২০২১১০০১৫৮
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

পরিশিষ্ট-ক: সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ(স্বাক্ষরীত):

১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদর, নওগাঁ।
২. উপজেলা কৃষি কর্মকর্তা, সদর, নওগাঁ।
৩.উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, সদর, নওগাঁ।
৪. উপজেলা মৎস কর্মকর্তা, সদর, নওগাঁ।
৫. উপজেলা প্রকৌশলী, সদর, নওগাঁ।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নওগাঁ মডেল থানা।
৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, নওগাঁ।
৮.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদর, নওগাঁ।
৯.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, নওগাঁ।
১০.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর, নওগাঁ।
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, নওগাঁ।
১২. চেয়ারম্যান,কীর্তিপুর ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৩. চেয়ারম্যান,বক্তারপুর ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৪. চেয়ারম্যান,তিলকপুর ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৫. চেয়ারম্যান,দুবলহাটি ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৬. চেয়ারম্যান,চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৭. চেয়ারম্যান,হাসাইগাড়ি ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৮. চেয়ারম্যান,শৈলগাছি ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
১৯. চেয়ারম্যান,শিকারপুর ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।
২০. চেয়ারম্যান,বলিহার ইউনিয়ন পরিষদ, সদর, নওগাঁ।